278

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

NOV. 22 2000

দৈনিক ইত্তেফাক

ডিগ্রী পরীক্ষা

# নকল প্রবণ ২৫টি কলেজের প্রতি সতর্ক দৃষ্টি

রেজানুর রহমান ॥ ডিগ্রী পরীক্ষার শুরুতেই নকলসহ বিভিন্ন অপ্রীতিকর ঘটনার দায়ে সারাদেশে ২৫টি কলেজকে আপাতত সতর্ক করিয়া দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। পাশাপাশি অভিযুক্ত কলেজসমূহে ম্যানেজিং কমিটি বাতিলেরও চিন্তা-ভাবনা করা হইতেছে। ১৮ই নভেম্বর ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নকলপ্রবণ যে, কলেজগুলিকে সনাক্ত করিয়াছে তাহার নাম যথাক্রমে ঃ গৌরিপুর কলেজ ময়মনসিংহ,

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

ফারদগঞ্জ [illegible] ডিগ্রী কলেজ কুড়িগ্রাম, বাউফল ডিগ্রী কলেজ, সরকারী বরিশাল কলেজ, বাগেরহাট সরকারী কৃষি কলেজ, সলঙ্গা কলেজ সিরাজগঞ্জ, উল্লপাড়া সরকারী আকবর আলী কলেজ, লাঙ্গল কোট কলেজ, হোমনা ডিগ্রী কলেজ, গুনবতী ডিগ্রী কলেজ, শাহ মখদুম কলেজ ময়মনসিংহ, প্রেমতলী কলেজ, ময়মনসিংহ, দিনাজপুরের ঘোড়াঘাট কলেজ, বিরামপুর কলেজ, ঠাকুরগাঁও সরকারী কলেজ, গাইবান্ধা কামিদিয়া ডিগ্রী কলেজ ও পরশুরাম সরকারী কলেজ ফেনী।

নাম প্রকাশে অনিচ্ছুক জাতীয় বিশ্ববিদ্যালয়ের একজন কর্মকর্তা বলেন, নকলের দায়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কুমিল্লার অজিত গুহ কলেজ কেন্দ্রসহ ইতিমধ্যে ৩টি কেন্দ্র বাতিল করিয়া দিয়াছে। সারাদেশে ২৫টি কেন্দ্রের ব্যাপারে নকলের অভিযোগ উঠিয়াছে। ২৬শে নভেম্বর বাংলা পরীক্ষায় উল্লেখিত কেন্দ্রগুলির অবস্থা পর্যবেক্ষণ করিয়া তৎক্ষণাৎ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে। উক্ত কর্মকর্তা বলেন, নকলের দায়ে অভিযুক্ত কলেজের ম্যানেজিং কমিটির বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণের চিন্তাভাবনা করা হইতেছে।